

এনার্জি সাপ্লাইয়ার, কন্ট্রাক্ট ও বিল

আমরা জানি এনার্জি বিল, এবং আপনি সর্বোত্তম ডিল পাচ্ছেন কি না সে ব্যাপারে উদ্বেগ ব্যবসার উপর এই মুহুর্তে অনেক বেশি অতিরিক্ত চাপ সৃষ্টি করছে।

এটি কাগজটি আপনাকে এনার্জি কন্ট্রাক্ট [চুক্তিপত্র] বদল করার প্রক্রিয়াটি বুঝতে; এনার্জি সেলস কলের সময় কী করতে হবে তা জানতে, এবং আপনার বিলে অতিরিক্ত অর্থ প্রদান করছেন কি না সে ব্যাপারে সজাগ থাকে সাহায্য করবে।



এখন কি আপনার সাপ্লাইয়ার [সরবরাহকারী] বদল করার সঠিক সময়?

আপনার সাপ্লাইয়ার পরিবর্তন করার চেষ্টা করার পূর্বে, আপনি আপনার বর্তমান কন্ট্রাক্ট শেষ করতে পারবেন কি না তা জানা গুরুত্বপূর্ণ। অনেক বিজনেস সাপ্লাই কন্ট্রাক্ট হচ্ছে ফিক্সড টার্ম, এবং কোনো পরিবর্তনে অঙ্গীকারবদ্ধ হওয়ার পূর্বে ব্যবসায়ীদের আত্মবিশ্বাসী হতে হবে যে তারা নতুন সাপ্লাইয়ারের কাছে যেতে পারবেন।

আপনি আপনার সাপ্লাইয়ার পরিবর্তন করার পূর্বে:

- আপনার এনার্জি সাপ্লাইয়ার চাহিদা হ্রাস করার জন্য আপনি কী কী পদক্ষেপ গ্রহণ করতে পারেন তা খতিয়ে দেখুন।
- নিশ্চিত করুন যে আপনার বর্তমান কন্ট্রাক্টের রেট ও টার্মগুলো [চুক্তির শর্ত] এবং একই সাথে নতুন সাপ্লাইয়ারের কাছে যাওয়ার প্রভাবগুলো আপনি বুঝতে পারেন - এবং আপনি কোনো বিদ্যমান কন্ট্রাক্ট ভঙ্গ করছেন কি না তা বুঝেছেন।
- এছাড়াও আপনাকে সজাগ থাকতে হবে যে কীভাবে আপনি একটি প্রতারক বা দুর্বৃত্ত ইউটিলিটি কোম্পানি ও ব্রোকারকে চিনবেন।



এনার্জি সেলস কল এবং সতর্কতার সাথে চুক্তি

আপনি যদি থকাকথাখনানথা এনথার্জি থকাকথাশ্শানি থকাথখনাক থকাকথাল্ড [গতানগতিক] কল থপানু;

- লিখিত ভাবে না পেয়ে বা ভাবার জন্য সময় না নিয়ে আপনি কোনো বিষয়ে একমত হবেন না।
- কোনো পর্যায়েই 'হ্যাঁ' বলবেন না - এটিও কোনো চুক্তিতে প্রবেশ করার জন্য সম্মতি হিসেবে গ্রহণ করা হতে পারে, এবং আইনত তা বজায় থাকতে পারে। প্রায়ই কোনো সাপ্লাইয়ারই কুলিং-অফ পিরিয়ড [চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে মনস্থির করার জন্য প্রয়োজনীয় সময়কাল] প্রদান করে না যে সময়ে একটি কন্ট্রাক্ট বাতিল করা যায়।
- আপনার নাম, ব্যবসা প্রতিষ্ঠানের নাম বা ঠিকানা প্রদান করবেন না।
- আগ্রহী হলে ফোন কেটে দিন এবং গবেষণা করুন যে তারা কী বিক্রি করছে। সকল তথ্য ও কন্ট্রাক্ট সতর্কতার সাথে পড়ুন এবং উপকারিতা ও লুকায়িত ঝুঁকিগুলো বের করুন।
- নিশ্চিত না হলে আপনি বিশ্বাস করেন এমন কারো কাছ থেকে পরামর্শ গ্রহণ করুন।

মনে রাখবেন: আপনাকে সত্যিই সাহায্য করতে চান এমন কেউ যে আপনাকে বিভ্রান্ত করবে না, বিরক্ত হবে না বা আপনার উপর চাপ সৃষ্টি করবে না। সজাগ থাকবেন যে প্রতারকেরা ওএফজিইম [OFGEM] সাজতে পারে, বা কোনো সরকারী রিবেট/গ্রান্ট প্রদান করার ভান ধরতে পারে।



- আপনার বর্তমান ও নতুন কন্ট্রাক্টটি সতর্কতার সাথে পড়ুন - এবং চুক্তি শেষ করার ধারাসমূহ নোট করে রাখুন। পরিবর্তনের জন্য আপনাকে হয়তো অনেক দীর্ঘ একটি নোটিশ প্রদান করতে হতে পারে (যেটি প্রায়ই নব্বই দিন হয়ে থাকে)। আপনি যদি না করেন, আপনাকে হয়তো 'রোল ওভার' করা হতে পারে।
- একটি কন্ট্রাক্ট যখন নবায়ন করার সময় হয় তখন এনার্জি কোম্পানির দায়িত্ব আপনাকে নোটিশ দেওয়ার, কিন্তু সকল কন্ট্রাক্টে তা পরিষ্কারভাবে উল্লেখ থাকে না। সজাগ থাকবেন, প্রস্তুত থাকবেন এবং আগে থেকেই নবায়নের তারিখের একটি নোট রাখবেন।
- আপনার বিলে একটি কিউআর কোড থাকবে। এই কোডে তুলনা করার জন্য এবং এনার্জি ট্যারিফ বদল করার জন্য প্রয়োজনীয় সকল তথ্য আপনার জন্য থাকবে, যার মধ্যে রয়েছে সাপ্লাইয়ারের নাম, ট্যারিফের নাম এবং আপনার বাৎসরিক ব্যবহারের পরিমাণ, যা একটি উত্তম সাপ্লাইয়ার খুঁজে বের করাকে সহজ করবে।

আপনি যদি বিল বা কন্ট্রাক্ট বুঝতে সাহায্য চান, বিজনেস শেফিল্ডকে [Business Sheffield] 0114 224 5000 নম্বরে কল করুন অথবা ইমেইল করুন: businesssheffield@sheffield.gov.uk



আপনার বিল পরিশোধ করা

- নিজেদের অভ্যন্তরীণ সিস্টেমের ভুলের কারণে হারানো অর্থ ফেরত পেতে এনার্জি সাপ্লাইয়াররা গ্রাহকদের কাছে অতিরিক্ত বিল পাঠানো অস্বাভাবিক নয়। এই ভুলগুলো কেউ লক্ষ করেন না কারণ কাস্টমাররা সাধারণত তাদের বিদ্যুৎ বিল পড়েন না। আপনি যদি আপনার বিল বুঝতে না পারেন, আপনার সাপ্লাইয়ারের কাস্টমার সার্ভিসে [গ্রাহক সেবা] কল করুন।
- আপনার মিটার রিডিং নিয়মিত চেক করুন, এমনকি আপনার যদি স্মার্ট মিটার থাকে তবুও (এগুলো ভুল করতে পারে)।

চেক করুন যে আপনাকে সঠিক মিটারের জন্য বিল করা হচ্ছে।

- আপনার সীমানায় থাকা সকল মিটার কি আপনার মিটার? আপনি যদি কোনো পুরনো বিল্ডিং থাকেন তাহলে আপনি হয়তো অন্য কারো এনার্জির জন্য অর্থ প্রদান করছেন।
- 'মিটার রেফারেন্স নম্বরের' জন্য আপনার সকল মিটার চেক করুন - এরপর একই 'মিটার রেফারেন্স নম্বরের' জন্য আপনার এনার্জি বিল চেক করুন (বা আপনার বার্ষিক স্টেটমেন্ট) যদি এগুলো না মিলে তাহলে সাথে সাথে আপনার এনার্জি সাপ্লাইয়ারকে বলুন।

আপনি যদি অন্য কোথাও চলে যান তাহলে আপনার এনার্জি সাপ্লাই বাতিল করা নিশ্চিত করুন।

- আপনি যদি স্থান পরিবর্তন করে থাকেন তাহলে নিশ্চিত করুন যে আপনি আপনার এনার্জি সাপ্লাইয়ারের সাথে যোগাযোগ করেছেন, অন্যথায় আপনি হয়তো এখনো আপনার আগের ঠিকানার জন্য অর্থ পরিশোধ করছেন।

আপনি যদি আপনার বিল প্রদান করার ব্যাপারে উদ্বিগ্ন থাকেন, তাহলে পেমেন্ট মিস করার আগেই আপনার সাপ্লাইয়ারের সাথে যোগাযোগ করুন।

প্রায়ই, সাপ্লাইয়াররা আপনাকে পেমেন্ট এর ব্যবস্থাপনা করার ব্যাপারে সাহায্য করতে পারেন, যেমন একটি পেমেন্ট প্ল্যান করার মাধ্যমে। এটি করতে পারার সম্ভাবনা অনেক বেশি থাকবে যদি আপনি ইতোমধ্যে একটি পেমেন্ট মিস না করে থাকেন।

আপনার ব্যবসার কোনো ব্যাপারে যদি আপনি সাহায্য পেতে চান, আমাদের বন্ধুত্বসুলভ এবং বিশেষজ্ঞ বিজনেস সাপোর্ট টিম আপনাকে সাহায্য করার জন্য রয়েছে। 0114 224 5000 নম্বরে আমাদের কল করুন অথবা ইমেইল করুন: BusinessSheffield@sheffield.gov.uk

আপনি জীবনযাত্রার ব্যয়ের ব্যাপারে তথ্য ও সহযোগিতা পেতে পারেন, যার মধ্যে রয়েছে আপনার ব্যবসার উপর প্রভাব নিয়ন্ত্রণের ব্যাপারে আরো রিসোর্সেস যা পাওয়া যাবে এখানে: www.sheffield.gov.uk/costofliving



খাবারের ব্যবসার জন্য এনার্জি সাশ্রয়

এনার্জি সাশ্রয় করার জন্য আপনাদের নিজেদের এবং গ্রাহকদের নিরাপদ রেখে আপনার খাবারের ব্যবসা পুনর্বিদ্যায় করার অনেক উপায় রয়েছে।

এই নির্দেশিকাটি আপনার ব্যবসার জন্য কী কী কাজ করতে পারে সে ব্যাপারে ভাবতে, যে কোনো ঝুঁকি চিহ্নিত করতে এবং আপনি যেন সেগুলো এড়িয়ে চলেন তা নিশ্চিত করতে আপনাকে সাহায্য করবে।



এনার্জি সাশ্রয় করার জন্য পদক্ষেপ গ্রহণ করার সময়, এটি গুরুত্বপূর্ণ যে আপনি কোনো পর্যায়েই যেন হেলথ অ্যান্ড সেফটি বা ফুড সেফটির ক্ষেত্রে ছাড় না দেন।

আরো তথ্যের জন্য ভিজিট করুন: www.hse.gov.uk / www.food.gov.uk



নিশ্চিত করবেন আপনি যেন আপনার পতঙ্গ নিয়ন্ত্রণ, সরঞ্জাম সার্ভিসিং এবং বর্জ্য ব্যবস্থাপনার চুক্তিগুলো বজায় রাখেন। এগুলো বাদ দেওয়ার ফলে যে সমস্যাগুলোর সৃষ্টি হয় তার ফলে এই মুহূর্তে অনেক ব্যবসা বন্ধ হয়ে যাচ্ছে।

• বন্ধ করার প্রক্রিয়া হিসেবে আপনি কি মালামাল কম সংখ্যক ফ্রিজে নিয়ে আসতে পারেন যেন আপনাকে সেগুলো সারারাত চালিয়ে রাখতে না হয়?



নিশ্চিত করবেন আপনি যেন কাঁচা ও রেডি-টু-ইট খাবার আলাদা রাখেন।

আপনি যখন ফ্রিজ পুনরায় চালু করবেন, সেগুলোতে পুনরায় খাবার রাখার আগে নিশ্চিত করবেন সেগুলো যেন যথেষ্ট ঠান্ডা হয়।

• আপনি কি আরো বেশি ডেলিভারির মাধ্যমে আপনার ফ্রিজার ব্যবহার কমাতে পারেন এবং ফ্রিজার বাদ দিতে পারেন?

• আপনার ফ্রিজ, ফ্রিজার ও ওভেনের সিলগুলো [ঢাকনা] চেক করুন। সেগুলো যদি ক্ষয় হয়ে গিয়ে থাকে তাহলে আপনি মূল্যবান তাপ হারাতে থাকবেন। ওপেন-ফ্রন্ট চিলারে [সামনের দিক খোলা] আপনি কি দরজা লাগানোর জন্য অর্থ ব্যয় করতে পারবেন?

• আপনার যন্ত্রপাতি সর্বশেষ কবে সার্ভিস করিয়েছিলেন? যদি কোনো কিছু সর্বোত্তম অবস্থায় না থাকে, তাহলে সেটি হয়তো কার্যকরভাবে কাজ করবে না। আপনার যদি সার্ভিস করানোর মতো আর্থিক সঙ্গতি না থাকে তাহলে যন্ত্রটি আনপ্লাগ করুন এবং গ্রিল ও ফিল্টারগুলো পরিষ্কার করুন।



কিছু কিছু যন্ত্র একটি নির্দিষ্ট সময় পরপর সার্ভিস করানোর সংবিধিবদ্ধ প্রয়োজনীয়তা রয়েছে। গ্রিল ও ফিল্টার পরিবর্তন করার মানে এই না যে আপনি এটি এড়াতে পারবেন।

• আপনার ডিসপ্লে ফ্রিজ কি অতিরিক্ত বড়ো? নিশ্চিত করুন যে আপনার যা কিছু সত্যিই প্রদর্শন করা প্রয়োজন সেগুলো ঠিক ততটাই বড়ো। আপনি যদি প্রদর্শনের ফ্রিজে কোনো কিছু সংরক্ষণ করেন যেগুলো অন্য কোথাও রাখা যাবে, তাহলে সেগুলো ছোটো করার কথা ভাবুন।

• খাবারের অপচয় (/বর্জ্য) কমান (যার ফলে খরচ কমবে)

• এমন কতগুলো উপকরণ আপনি ক্রয় করেন যেগুলো কেবল একটি মেন্যু আইটেমে ব্যবহৃত হয়?

• যদি আপনি সেই আইটেমটি অনেক বিক্রি না করেন, তাহলে এটিকে মেন্যু থেকে বাদ দিলে কি সবচাইতে ভালো হবে?

• কোন উপকরণটি আপনি সবচাইতে বেশি ফেলে দেন? এটি দিয়ে কি অন্য কিছু বানিয়ে বিক্রি করা যাবে, যেমন স্যুপ?




বেঁচে যাওয়া উপকরণগুলো ব্যবহারের সময়, নিশ্চিত করবেন সেগুলোর যেন মেয়াদ থাকে এবং খাওয়ার উপযুক্ত হয়।

সহযোগিতায়



- আপনি যদি মৌসুমের বাইরের পণ্য ব্যবহার করেন, তাহলে আপনি কি আপনার মেন্যু পরিবর্তন করে মৌসুমি পণ্য ব্যবহার করতে পারেন যেগুলোর দাম কম হবে?
- আপনার এমন কোনো প্রতিবেশী ব্যবসা আছে কি যাদের সাথে আপনি একত্রে কাজ করতে পারেন, যেন সম্মিলিতভাবে আপনাদের সাপ্লাইয়ারদের কাছ থেকে আরো ভালো দাম আদায় করতে পারেন?
- প্রতিটি যন্ত্র কতটা এনার্জি খরচ করে তা দেখুন, এবং দেখুন যে আপনি যে যন্ত্রটি ব্যবহার করেন সেটি তার ব্যয় নির্বাহ করার মতো যথেষ্ট অর্থ আয় করে কি না।
 - যেমন, আপনি যদি একটি মিক্সড-ইউজ টেকঅ্যাওয়ে হয়ে থাকেন যেটিতে পিজা ওভেনও রয়েছে, তাহলে সেই ওভেনটির এনার্জি খরচ বহন করার মতো যথেষ্ট পিজা কি আপনি বিক্রি করেন?



- আপনার মেন্যুটি কি আপনার বন্ধু [বন্ধুসুলভ]? আপনি কি এমন কোনো কনসেপ্ট [ধারণা] আঁকড়ে ধরে আছেন যেটি এই মুহূর্তে ব্যবসা নিয়ে আসছে না? আপনার মূল উপকরণগুলোর দাম কি এতই দ্রুত বৃদ্ধি পাচ্ছে যে আপনি এমন দামে বিক্রি করতে পারছেন না যেটি আপনার গ্রাহকগণ প্রদান করবে?
- ভেগান [নিরামিষ] থেকে শুরু করে ফ্রাইড চিকেন পর্যন্ত অনেক উচ্চাভিলাষী পরিকল্পনায় এটি একটি মূল সমস্যা।
- আপনি কি আপনার ধারণা পরিবর্তন করতে রাজি আছেন যেন আপনার মার্জিন [মুনাফা] এমন পর্যায়ে রাখা যায় যেখানে আপনি আপনার বেতন-ভাতা এবং বিল পে করতে পারেন?
- আপনি কি অন্য কোনো কমদামী উপকরণ খুঁজে পেতে পারেন যেটি আপনার থিমের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে? মৌসুমি উপকরণ ব্যবহার করা কি অধিকতর ব্যয়-সাশ্রয়ী হবে?



- কমদামী উপকরণ জোগাড় করার সময়, নিশ্চিত করবেন যে সেগুলো যেন হিউম্যান ফুড গ্রেড [মানুষে খাওয়ার উপযোগী] এবং ভালো মানের হয়।
- আপনি যদি উপকরণ পরিবর্তন করেন, নিশ্চিত করবেন আপনি যেন আপনার মেন্যু, লেবেল এবং অ্যালার্জেন তথ্য হালনাগাদ করেন।

- কম এনার্জি খরচে যন্ত্রপাতি আপনি কি আপনার কোনো উপকরণ কোনো কম এনার্জি খরচ হয় এমন যন্ত্রে রান্না করতে পারবেন যেমন স্লো কুকার, প্রেশার কুকার বা এয়ার ফ্রায়ার?

আপনার ব্যবসার কোনো ব্যাপারে যদি আপনি সাহায্য পেতে চান, আমাদের বন্ধুত্বসুলভ এবং বিশেষজ্ঞ বিজনেস সাপোর্ট টিম আপনাকে সাহায্য করার জন্য রয়েছে। 0114 224 5000 নম্বরে আমাদের কল করুন অথবা ইমেইল করুন: BusinessSheffield@sheffield.gov.uk

আপনি জীবনযাত্রার ব্যয়ের ব্যাপারে তথ্য ও সহযোগিতা পেতে পারেন, যার মধ্যে রয়েছে আপনার ব্যবসার উপর প্রভাব নিয়ন্ত্রণে সাহায্যের ব্যাপারে আরো রিসোর্সেস পাওয়া যাবে এখানে: www.sheffield.gov.uk/costofliving



আপনার ব্যবসায় এনার্জি সাশ্রয়

এনার্জি সাশ্রয় করার জন্য আপনার ব্যবসা পুনর্বিদ্যায় করার অনেক উপায় রয়েছে,
আপনাদের নিজেদের এবং কাঙ্ক্ষিতদের নিরাপদ রেখে।

এই নির্দেশিকাটি আপনার ব্যবসার জন্য কী কী কাজ করতে পারে সে ব্যাপারে ভাবতে, যে কোনো ঝুঁকি চিহ্নিত করতে এবং আপনি যেন সেগুলো এড়িয়ে চলেন তা নিশ্চিত করতে আপনাকে সাহায্য করবে।



এনার্জি সাশ্রয় করার জন্য পদক্ষেপ গ্রহণ করার সময়, এটি গুরুত্বপূর্ণ যে আপনি কোনো পর্যায়েই যেন হেলথ অ্যান্ড সেফটি বা ফুড সেফটির ক্ষেত্রে ছাড় না দেন।

আরো তথ্যের জন্য ভিজিট করুন: www.hse.gov.uk / www.food.gov.uk

• যন্ত্রপাতিগুলোর বেসিক সার্ভিস করান। এর মধ্যে কম্পিউটারও অন্তর্ভুক্ত!



• কিছু কিছু যন্ত্রপাতির ক্ষেত্রে সেগুলো কতদিন পরপর সার্ভিস করতে হবে সে ব্যাপারে সংবিধিবদ্ধ বাধ্যবাধকতা রয়েছে। নিশ্চিত করবেন আপনি যেন তা মেনে চলেন।

• প্রয়োজনীয় না হলে রাতের বেলা যন্ত্রপাতি চালু রাখবেন না।



• কোনো জিনিস বন্ধ রাখা মানুষের নিরাপত্তায় কোনো অনিচ্ছাকৃত প্রভাব ফেলবে কি না সে ব্যাপারে যাচাই করুন ও চিন্তা করুন। আপনি যদি ফ্রিজ বন্ধ করার কথা চিন্তা করেন, তাহলে অনুগ্রহ করে খাবারের ব্যবসায় এনার্জি সাশ্রয় করার আমাদের সুপারিশগুলো দেখুন।

• যতগুলো লাইটবাল্বকে এলইডি বাল্বে পরিবর্তন করা সম্ভব তা করুন।

• আপনার যন্ত্রের নির্দেশনার ম্যানুয়াল দেখুন (বা ইন্টারনেটে চেক করুন) এবং এনার্জি রেটিং দেখুন। এগুলোর মাত্রা হচ্ছে G (এখনই বিক্রি করে দিন!) থেকে A পর্যন্ত।

• আপনি যদি এমন কোনো যন্ত্র ব্যবহার করেন যেটি প্রচুর এনার্জি খরচ করে, তাহলে আপনি কি সেটিকে এমন কোনোটি দ্বারা প্রতিস্থাপিত করতে পারবেন যেটি কম এনার্জি ব্যবহার করে?



নিশ্চিত করবেন যে আপনি সেকন্ড হ্যান্ড কোনো কিছু ক্রয় করলে সেটি যেন ভালো অবস্থায় থাকে এবং সিই মার্ক করা থাকে।

• ইয়োরএকো [Youreko] এর মতো টুল আপনাকে দেখাতে পারে যে আরো শক্তি-সাশ্রয়ী যন্ত্রে বিনিয়োগ করলে আপনার অর্থ সাশ্রয় হতে পারে কি না: <https://www.youreko.com/>

• আপনার ব্যবসার জায়গা যদি উষ্ণ করতে হয়, সেগুলো কতটা ভালোভাবে ইনসুলেট [অন্তরিত] করা আছে? আপনি কি ব্যয় সাশ্রয় করার জন্য আপনার দেওয়ালের ও ছাদের ইনসুলেশন উন্নত করতে পারবেন?



• নিশ্চিত করবেন যেন নতুন ইনসুলেশন কোনো এয়ারব্রিক বা অন্য কোনো ইনলেট বন্ধ না করে যেগুলো গুরুত্বপূর্ণ ভেন্টিলেশন [বায়ুচলন] প্রদান করে।

• নিরাপদ হলে থার্মোস্ট্যাট কমিয়ে দিন।



• নিশ্চিত করবেন লিজিওনেলা প্রতিরোধ করতে পানি যেন একটি নিরাপদ তাপমাত্রায় সংরক্ষণ করা হয়, এবং সর্বনিম্ন বৈধ কার্যকরী তাপমাত্রা বজায় থাকে।

• আপনার স্টক অর্ডার করার সময়সূচী পরিবর্তন করার মাধ্যমে তাপমাত্রা-নিয়ন্ত্রিত স্থান আরো কার্যকরভাবে ব্যবহার করুন। উদাহরণস্বরূপ, আপনি কি আরো বেশি ডেলিভারি নেওয়ার মাধ্যমে ফ্রিজারের জায়গা কমাতে পারবেন?

সহযোগিতায়





- আপনি যদি ডেলিভারি করেন, তাহলে আপনার রুট ও শিডিউল [সময়সূচী] পর্যালোচনা করে দেখুন যে আপনি আরো দক্ষ হওয়ার মাধ্যমে জ্বালানি সাশ্রয় করতে পারেন কিনা। নিয়মিত গ্রাহকরা কি তাদের ডেলিভারির দিন বা সময় পরিবর্তন করতে পারবেন যেন আপনি একটি জার্নিতে আরো বেশি ডেলিভারি করতে পারেন? বিদ্যমান রুটে আপনি কি সম্ভাব্য গ্রাহকের পাশ দিয়ে যাচ্ছেন?



নিশ্চিত করবেন আপনি যেন আপনার পতঙ্গ নিয়ন্ত্রণ, সরঞ্জাম সার্ভিসিং এবং বর্জ্য ব্যবস্থাপনার চুক্তিগুলো বজায় রাখেন। এগুলো বাদ দেওয়ার ফলে যে সমস্যাগুলোর সৃষ্টি হয় তার ফলে এই মুহূর্তে অনেক ব্যবসা বন্ধ হয়ে যাচ্ছে।

আপনার ব্যবসার কোনো ব্যাপারে যদি আপনি সাহায্য চান, আমাদের বন্ধুত্বসুলভ এবং বিশেষজ্ঞ বিজনেস সাপোর্ট টিম আপনাকে সাহায্য করার জন্য রয়েছে। আমাদের 0114 224 5000 নম্বরে কল করুন অথবা ইমেইল করুন: BusinessSheffield@sheffield.gov.uk

আপনি জীবনযাত্রার ব্যয়ের ব্যাপারে তথ্য ও সহযোগিতা পেতে পারেন, যার মধ্যে রয়েছে আপনার ব্যবসার উপর প্রভাব নিয়ন্ত্রণের ব্যাপারে আরো রিসোর্সেস যা পাওয়া যাবে এখানে: www.sheffield.gov.uk/costofliving



আয়-ব্যয়ের উপর নিয়ন্ত্রণ গ্রহণ করা

এই অস্বাভাবিক পরিস্থিতিতে, আপনার আয়, ব্যয় এবং বিজনেস মডেল পর্যালোচনা করার মতো প্রাথমিক বিষয়গুলো আপনাকে একটি নতুন উপায় খুঁজে পেতে সাহায্য করতে পারে।

এই গাইডটি আপনাকে আপনার ক্যাশফ্লো [নগদ প্রবাহ] নিয়ন্ত্রণে আনতে; প্রতিটি পণ্যের ব্যয় কত এবং তা থেকে আয় কত হয় তা বুঝতে; এবং আপনার ব্যবসার পেছনের ধারণাটি বর্তমান পরিস্থিতিতে আপনার জন্য সহায়ক কি না তা বুঝতে সাহায্য করবে।



ক্যাশফ্লো নিয়ন্ত্রণ করা

দ্রুত একটি ক্যাশ ফ্লো'র পূর্বাভাস করুন

- আপনার সাপ্তাহিক আয় কত তা বের করুন এবং একমাস ধরে এটি করুন।
- এরপর একমাস ধরে আপনার সাপ্তাহিক ব্যয় বের করুন, বেতন এবং ইউটিলিটি বিলের মতো বিষয়গুলো বের করুন।
- তাহলে আপনি সাথে সাথে দেখতে পাবেন যে আপনার কোনো ঘাটতি রয়েছে কিনা এবং পদক্ষেপ গ্রহণ করা শুরু করতে পারবেন।



সরবরাহ খরচ হ্রাস করুন

- সর্বশেষ কবে আপনি একটি নতুন সাপ্লাইয়ারের খোঁজ করেছিলেন? স্টক বা উপকরণের সর্বোত্তম দাম আপনি হয়তো পাচ্ছেন না।
- আপনার বিদ্যমান সাপ্লাইয়ারের সাথে আলোচনা করুন। তাদের কাছে কোনো বিকল্প লাইন আছে কি যা আপনার জন্য আরো বেশি ব্যয় সাশ্রয়ী?

ক্যাশফ্লো বের করার পর, আপনার বিজনেস মডেলের ব্যাপারে চিন্তা করুন এবং আপনার প্রয়োজনীয় অর্থ আনার জন্য আপনি কীভাবে এটি সামঞ্জস্য করতে পারবেন তা চিন্তা করুন।

আমাদের বিজনেস ইনফরমেশন অফিসার ওয়ান-টু-ওয়ান, স্বশরীরে উপস্থিত হয়ে ব্যবসার বিষয়ে সহযোগিতা প্রদান করেন, যার মধ্যে রয়েছে ক্যাশ ফ্লো পূর্বাভাস, সাপ্লাইয়ারদের সাথে চুক্তি ব্যাপারে পরামর্শ, লিজের [ইজারা] ব্যাপারে পরামর্শ, এবং কর্মী সংক্রান্ত ইস্যু এবং চুক্তির ব্যাপারে পরামর্শ। 0114 224 5000 নম্বরে তাদের কল করুন অথবা ইমেইল করুন: BusinessSheffield@sheffield.gov.uk

সহযোগিতায়





আপনার বিজনেসের বিভিন্ন বিষয় পুনরায় ভেবে দেখা

- **আপনার কনসেপ্ট [ধারণা] কি আপনার বন্ধু?** আপনি কি আপনার ধারণা পরিবর্তন করতে রাজি আছেন যেন আপনার মার্জিন এমন পর্যায়ে রাখা যায় যেখানে আপনি আপনার বেতন-ভাতা এবং বিল পে করতে পারেন?
 - যেমন আপনি যদি নৈতিক কারণে একটি জিরো-ওয়েস্ট শপ খুলে থাকেন, আপনি কি নিশ্চিত যে মানুষ এ কারণেই আপনার থেকে কেনেন? এটি হতে পারে প্লাস্টিক বা খাবারের অপচয় বা বর্জ্য হ্রাস করার জন্য।
 - আপনার কাস্টমারদের জিঙ্কস করুন তারা কেন আপনার কাছ থেকে কেনেন এবং তারা আর কোথায় কেনাকাটা করেন। আপনার প্রতিদ্বন্দ্বীদের থেকে আপনি কোনো কিছু শিখতে পারেন কি?
- **আপনি কি নিশ্চিত যে আপনি যা কিছুই করেন না কেন, আপনার ব্যবসার লোকেশন [অবস্থান] আপনার জন্য ক্রেতাদের নিয়ে আসবে, না কি স্থান পরিবর্তন করার এখনই সময়?** অথবা আপনি কি অন্য কোনো ব্যবসার কাছে সাবলেট দিতে পারবেন যেটি আপনি যখন খোলা থাকেন না তখন খোলা থাকে অথবা যার স্টক আপনার পরিপূরক?
- **আপনার বিক্রি করা প্রতিটি পণ্যের গ্রস মার্জিন (জিএম) পুনরায় হিসাব করুন।** জিএম = গ্রস মার্জিন, যেটি হলো (পণ্যের বিক্রয় মূল্য) - (পণ্যটি তৈরি/ক্রয় করার খরচ)
 - আপনার ব্যয় বৃদ্ধির সাথে সাথে কি আপনার বর্তমান বিক্রয়মূল্য বজায় থাকতে পারবে?
 - আপনার ক্রেতারা আর কতো পে করতে পারবে, আপনার মার্জিন ধরে রাখতে পারার জন্য?
 - আপনার যদি কোনো স্টক বা মেনু থাকে যেটি আপনার ব্যবসায় কোনো অবদান রাখছে না, তাহলে সেটি বাদ দিন।
- পণ্য অনুযায়ী বিক্রয়ের হিসাব রাখার জন্য আপনার যদি কোনো টিল সিস্টেম না থাকে, তাহলে একটি সেলস ডাইরি শুরু করুন এবং এটি আপনার টিলের পাশে রাখুন।
 - একটি সহজ ট্যালি সিস্টেম ব্যবহার করুন এটি নিশ্চিত করার জন্য যে এক সপ্তাহে (বা আপনি ব্যস্ত হলে প্রতিদিন) প্রতিটি পণ্যের কয়টি বিক্রি হয়।
 - আপনার বিক্রির সাথে আপনার মার্জিন দেখুন - আপনি যদি আপনার লো মার্জিন পণ্য প্রচুর পরিমাণে বিক্রি না করেন, তাহলে সেগুলো সরিয়ে নিয়ে অনলাইনে বিক্রি করুন বা সংরক্ষণ করুন (যদি সেগুলো সিজনাল না হয়)।



নিশ্চিত করুন আপনার গ্রাহকরা যেন আপনাকে খুঁজে পায়

- আপনি যদি নিয়মিতভাবে ব্যবসা খোলা রাখেন তাহলে লোকজন ভিজিট করার জন্য আরো বেশি সচেষ্ট হবে।
- নিশ্চিত করুন যে যত জায়গায় আপনার ওপেনিং আওয়ার [খোলা থাকার সময়] অ্যাডভারটাইজ করা হয়েছে সব জায়গায় যেন তা হালনাগাদ থাকে (গুগল, মাই বিজনেস, সোশাল মিডিয়া, ইত্যাদি)।
- কিছু কিছু ব্যবসা খুব নীরব সময়ে বন্ধ থাকে, কিন্তু দীর্ঘমেয়াদে তা কাস্টমারদের নিরুৎসাহিত করতে পারে। আপনি কি সে সময় সেখানে অন্য কোনো কাজ করতে পারেন?
- যদি নির্দিষ্ট কোনো সময় থাকে যখন আপনি সবসময় নীরব থাকেন, তাহলে আপনি কি সেটি অ্যাডভারটাইজ করতে পারেন সেই মানুষদের জন্য যাদের নীরব সময়ে ভিজিট করা প্রয়োজন বা পছন্দ করেন?

আপনার ব্যবসার কোনো ব্যাপারে যদি আপনি সাহায্য পেতে চান, আমাদের বন্ধুত্বসুলভ এবং বিশেষজ্ঞ বিজনেস সাপোর্ট টিম আপনাকে সাহায্য করার জন্য রয়েছে। 0114 224 5000 নম্বরে আমাদের কল করুন অথবা ইমেইল করুন: BusinessSheffield@sheffield.gov.uk

আপনার ব্যবসার উপর প্রভাব নিয়ন্ত্রণের ব্যাপারে আরো রিসোর্সেস সহ জীবনযাত্রার ব্যয়ের ব্যাপারে তথ্য ও সহযোগিতা পাবেন এখানে:

www.sheffield.gov.uk/costofliving



বিলের ব্যাপারে সহযোগিতা

এই শিটে আপনার বিজনেসের জন্য পাওয়া যায় এমন কিছু সহযোগিতা এবং সেগুলো কীভাবে কাজ করে তার তালিকা করেছে:



এনার্জি বিল রিলিফ স্কিম

সরকার একটি নতুন এনার্জি বিল রিলিফ স্কিম চালু করেছে নন-ডমেস্টিক [গৃহস্থালি ব্যতীত] এনার্জি কাস্টমারদের জন্য। স্কিমটির মাধ্যমে 1 অক্টোবর 2022 থেকে ছয় মাসের প্রাথমিক সময়ে গ্যাস ও এনার্জি বিলে ডিসকাউন্ট পাওয়া যাবে। ডিসকাউন্টটি প্রযোজ্য হবে 1 এপ্রিল 2022 সালে বা তার পরে সম্মত হওয়া ফিল্ড কন্ট্রোল এবং ডিমড, ভ্যারিয়েবল এবং ফ্লেক্সিবল ট্যারিফ ও কন্ট্রোলার ক্ষেত্রে।

আপনাকে কোনো কিছু করতে হবে না।

আপনি যদি যোগ্য হন, ডিসকাউন্টটি স্বয়ংক্রিয়ভাবে আপনার বিলে প্রয়োগ করা হবে।

স্কিম ও ঘোষণাটির ব্যাপারে আপনি আরো তথ্য পাবেন gov.uk ওয়েবসাইটে : <https://www.gov.uk/guidance/energy-bill-relief-scheme-help-for-businesses-and-other-non-domestic-customers>

যার মধ্যে রয়েছে:

- যোগ্যতার ব্যাপারে তথ্য
- আপনি যদি যোগ্য হন, ছাড়টি স্বয়ংক্রিয়ভাবে আপনার বিলে প্রয়োগ করা হবে।
- ছাড়টি কীভাবে কাজ করে সে ব্যাপারে কিছু উদাহরণ।



স্ক্যাম [বাটপারি] থেকে সাবধান থাকুন! মনে রাখবেন, এই ছাড়টি পাওয়ার জন্য আপনাকে আবেদন, নিবন্ধন বা কারো সাথে কোনো তথ্য শেয়ার করতে হবে না।

আপনি যদি কোনো বার্তা পান যেটি আপনার ব্যাংকের তথ্য চায় বা কোনো লিঙ্কে ক্লিক করতে বলে, তাহলে এটি খুব গুরুত্বপূর্ণ যেন আপনি তার উত্তর না দেন এবং দ্রুত এটি রিপোর্ট করেন।

বার্তাটির একটি স্ক্রিনশট report@phishing.gov.uk এবং energy.bills.rebate@beis.gov.uk এর কাছে পাঠান

সহযোগিতায়



তারপরও সর্বোত্তম মূল্য পাওয়া এবং ব্যবহারের পরিমাণ কম রাখা লাভজনক।

এনার্জি বিল রিলিফ স্কিম একটি সরকারী ভর্তুকির মাধ্যমে কাজ করে প্রতি ইউনিট এনার্জির খরচে। সরকার নন-ডমেস্টিক কাষ্টমাররা এনার্জির প্রতি ইউনিটে কত পরিশোধ করবেন তার একটি 'ক্যাপ [সীমা]' নির্ধারণ করে দিয়েছেন, এবং এর থেকে বেশি যা খরচ সেটি এনার্জি কোম্পানিকে প্রদান করবে।

এর অর্থ হলো:

- আপনি যত বেশি এনার্জি ব্যবহার করবেন, আপনি তত বেশি অর্থ প্রদান করবেন। আপনার সার্বিক ব্যবহারের উপর আপনি কত অর্থ পরিশোধ করতে পারেন তার উপর কোনো ক্যাপ নেই, আপনি প্রতি ইউনিটে কত অর্থ পরিশোধ করবেন শুধু তার উপর রয়েছে।
- এনার্জি কোম্পানিগুলো তবু তাদের মূল্য বাড়তে পারবে, এবং এনার্জি বিল রিলিফ স্কিম শেষ হয়ে যাওয়ার পর আপনি পুরো মূল্য পরিশোধ করায় ফেরত যাবেন। এর অর্থ হচ্ছে আপনি যেন সবচেয়ে ভালো ডিল পান সেটি নিশ্চিত করা একটি ভালো উপায় যদি আপনি কন্ট্রোল পরিবর্তন করার সুযোগ পান।
- এনার্জি কোম্পানিকে তারপরও আপনার বিলে পুরো মূল্য প্রদর্শন করতে হবে, যার সাথে থাকবে সরকার যে অর্থ প্রদান করেছে সেটি, যেন আপনি দেখতে পারেন এনার্জি বিল রিলিফ স্কিম ছাড়া আপনার এনার্জি খরচ কত হতো। এর অর্থ হচ্ছে আপনি সাপ্লাইয়ারদের তুলনা করে দেখতে পারেন এটি নিশ্চিত করার জন্য যে আপনি সর্বোত্তম ডিল পাচ্ছেন।



বিজনেস রেটস [ব্যবসা প্রতিষ্ঠানের জন্য হার]

আপনার যদি মনে হয় যে আপনার বিল পরিশোধ করতে আপনার সমস্যা হচ্ছে

যদি আপনি আপনার বিজনেস রেটস-এ বিল পরিশোধের ব্যাপারে উদ্বিগ্ন থাকেন, তাহলে এটি খুবই গুরুত্বপূর্ণ যে আপনি পেমেন্ট মিস করার আগে বিজনেস রেটস টিমের সাথে কথা বলেন।

বহু ক্ষেত্রে, টিমটি বিকল্প পেমেন্ট ব্যবস্থার ব্যাপারে রাজি হতে পারে, এবং আপনি তাদের সাথে শুরুতেই যোগাযোগ করলে এটি হওয়ার সম্ভাবনা বেশি। আপনি কোনো পেমেন্ট মিস করার আগে তাদের টিমের সাথে যোগাযোগ করলে সেটি অতিরিক্ত খরচের [রিকভারি কস্ট] জন্য দায়ী হওয়ার ঝুঁকিও হ্রাস করে।

Business.rates@sheffield.gov.uk - এই ঠিকানায় ইমেইল করার মাধ্যমে টিমের সাথে যোগাযোগ করুন

বিজনেস রেটস রিলিফ

আপনার পরিস্থিতি এবং আপনার ব্যবসার ধরণের উপর ভিত্তি করে বিভিন্ন ধরণের বিজনেস রেটস রিলিফ পাওয়া যায়। এর মধ্যে রয়েছে এক্সপানডেড (ক্যাপড) রিটেইল [সম্প্রসারিত খুচরা ব্যবসা], হসপিটালিটি, অ্যাকমোডেশন অ্যান্ড লেজার ডিসকাউন্ট [আবাসন এবং অবসর জনিত ছাড়], যেটি পাওয়া যাবে 31 মার্চ 2023 পর্যন্ত।

আপনার জন্য কোনো ধরণের বিজনেস রেট রিলিফ পাওয়া যাবে কি না তা যাচাই করতে পারবেন আমাদের ওয়েবসাইটে: <https://www.sheffield.gov.uk/business/business-rate-relief>

আপনার ব্যবসার কোনো ব্যাপারে যদি আপনি সাহায্য চান, আমাদের বন্ধুত্বসুলভ এবং বিশেষজ্ঞ বিজনেস সাপোর্ট টিম আপনাকে সাহায্য করার জন্য রয়েছে। 0114 224 5000 নম্বরে আমাদের কল করুন অথবা ইমেইল করুন: BusinessSheffield@sheffield.gov.uk

আপনার ব্যবসার উপর প্রভাব নিয়ন্ত্রণের ব্যাপারে আরো রিসোর্সেস সহ জীবনযাত্রার ব্যয়ের ব্যাপারে তথ্য ও সহযোগিতা পাবেন এখানে: www.sheffield.gov.uk/costofliving





সরকারী সহযোগিতা

এনার্জি বিলি রলিফি স্কিমি

সরকার একটি নতুন এনার্জি বিলি রলিফি স্কিমি চালু করছেন নন-ডমস্টিকি এনার্জি কাস্টমারদের জন্য। স্কিমিটির মাধ্যমে 1 অক্টোবর থেকে ছয় মাসের প্রাথমিক সময়ে এনার্জি বিলি ছাড় পাওয়া যাবে।

ছাড়টি প্রযোজ্য হবে 1 এপ্রিলি 2022 সাল থেকে তার পরে সমন্বয় হওয়া ফিল্ড কন্ট্রাক্ট এবং ডমিড, ভ্যারিয়েবল এবং ফ্লেক্সিবিল ইমবিলিটি স্ট্রাকচার কন্ট্রাক্টের ক্ষেত্রে।

ছাড়টি প্রদান করা হবে সরকারের একটি ক্যাপারে উপর নির্ভর করে ঘটে প্রয়োগ করা হবে এনার্জি কোম্পানি আপনাকে এনার্জি প্রতী ইউনটিরে (মগোওয়াট আওয়ার) জন্য কত চার্জ করতে পারে তার উপর। সরকার এনার্জি কোম্পানিগুলিকে বাকি অর্থ প্রদান করবে তাদের পূর্ণ মূল্য পূরণ [মকে-আপ] করার জন্য।

আপনাকে কোনও কিছু করতে হবেনা।

আপনি যদি যোগ্য হন, ছাড়টি সংক্রিয়ভাবে আপনার বিলি প্রয়োগ করা হবে। প্রথম সার্ভিসটি দেখা যাবে অক্টোবর বিলি, যটা সাধারণত নভেম্বর পাওয়া যায়।

স্কিমিটির ব্যাপারে আপনি আরো তথ্য পাবেন এখান: <https://www.gov.uk/guidance/energy-bill-relief-scheme-help-for-businesses-and-other-non-domestic-customers>

মনে রাখবেন:

- আপনি যে পরিমাণ এনার্জি ব্যবহার করেন সেটা হ্রাস করতে পদক্ষেপ গ্রহণ করা তারপরও লাভজনক। সরকার এনার্জি কোম্পানিগুলিকে আপনাকে প্রতী ইউনটি এনার্জিতে কত চার্জ করতে পারবে সেটা ক্যাপ করে দিয়েছে, পুরোটাই নয়: সুতরাং আপনি যত বেশি ব্যবহার করবেন, তত বেশি অর্থ প্রদান করবেন।
- আপনার এনার্জি জন্য সবচাইতে ভালো ডলি কোনটা খুঁজে দেখা এখনো লাভজনক। ক্যাপটি কোম্পানির দাম পরিবর্তন করনা; এটা কেবল আপনার ব্যবসা যে মূল্যটি পরিশোধ করে সেটা পরিবর্তন করে। এটা অস্থায়ী, সুতরাং ভবিষ্যতে আপনি পূর্ণ মূল্য পরিশোধে ফেরত যাবেন।
- এনার্জি কোম্পানিগুলিকে তবুও তাদের পুরো দাম এবং সরকার আপনার বিলি যে পরিমাণ পরিশোধ করছে সেটা আপনার বিলি দেখাতে হবে। এটা আপনাকে দাম তুলনা করতে এবং আপনার জন্য সবচাইতে ভালো সাপ্লাইয়ার খুঁজে পতে সাহায্য করবে।

ইনকাম ট্যাক্স কাটরে বেসিকি রটে

এপ্রিলি 2023 এ ইনকাম ট্যাক্সের বেসিকি রটে 19% এ কমিয়ে আনা হবে।

এপ্রিলি 2023 থেকে ট্যাক্সের অতিরিক্ত রটে বাতলি করে দেওয়া হয়েছে। তার বদলে ইনকাম ট্যাক্সের কেবল একটা উচ্চতর রটে থাকবে যটা হিলো 40%।

<https://www.gov.uk/government/publications/the-growth-plan-2022-factsheet-on-income-tax/income-tax-factsheet#:~:text=Basic%20rate%20cut%20by%201ppt%20from%20April%20>

সহযোগিতায়



2023%20%E2%80%93%20from%2020p%20to%2019p&text=19%25%20is%20the%20lowest%20the,average%20gain%20of%20%A3170.

ন্যাশনাল ইনস্যুরেন্স-এ বৃদ্ধি বাতলি করা হয়েছে

6 নভেম্বর 2022 থেকে ন্যাশনাল ইনস্যুরেন্স 1.25 শতাংশ বৃদ্ধি বাতলি হয়ে যাবে।

<https://www.gov.uk/government/news/national-insurance-increase-reversed>

কর্পোরেশন ট্যাক্স বৃদ্ধি বাতলি করা হয়েছে

কর্পোরেশন ট্যাক্সে প্রস্তুতাবতি বৃদ্ধি বাতলি করা হয়েছে, এটি 19% এই থাকবে।

<https://www.gov.uk/government/news/chancellor-announces-new-growth-plan-with-biggest-package-of-tax-cuts-in-generations>



ব্যবহৃত হয়নি